

বিজ্ঞপ্তি -
দীনবন্ধু এন্ড্রুজ কলেজ, গড়িয়া
কন্যাশ্রী-প্রকল্প
DAC / N-28 / 2020 -21, dt 25.09.2020

এই কলেজের “কন্যাশ্রী” প্রকল্প-র জন্য সকল ছাত্রীদের আবেদন আহ্বান করা হচ্ছে। এক্ষেত্রে “আয়” এর সীমা গ্রাহ্য নয়। ২০১৯ -২০ পোর্টাল শীঘ্রই বন্ধ হতে চলেছে। প্রকল্পের সুবিধা পেতে আবেদনপত্র ৭ই অক্টোবর, ২০২০ র মধ্যে জমা করতে হবে।

ছাত্রীদের নিম্নলিখিত মোবাইল নম্বরে "কন্যাশ্রী" সংক্রান্ত খোঁজখবর করতে নির্দেশ দেওয়া হচ্ছে। বর্তমান পরিস্থিতিতে কলেজে এসে খোঁজ করা যাবে না।

যোগাযোগের মোবাইল নম্বর : ৯৯০৩১৭৬২৬৭; ৯৮৩৬০০৩০১৫

০১-০৪-২০০১ – ৩১-০৩-২০০২ এ জন্ম তারা K – 2 র জন্য উপযুক্ত।

০১-০৪-২০০২ – ৩১-০৩-২০০৭ এ জন্ম তারা K – 1 এর জন্য উপযুক্ত।

যারা স্কুলে পড়াকালীন “কন্যাশ্রী” প্রকল্পের অন্তর্ভুক্ত আছেন (UPGRADED & RENEWAL), তারা স্কুলে গিয়ে নিজের নাম ট্রান্সফার করিয়ে উক্ত নম্বরে শীঘ্রই যোগাযোগ কর।

যারা প্রথম আবেদন করছ তাদের এগুলি থাকা আবশ্যিকঃ

- ১) একক (single) নামে পাসবই সহ ব্যাংক অ্যাকাউন্ট
- ২) অভিভাবকের পশ্চিমবঙ্গের ভোটার আই-ডি কার্ড

*আবেদন করতে হলে নিম্নলিখিত নথিপত্র [আসল (original) ও জেরক্স কপি] প্রয়োজন:

প্রতি জেরক্স কপিতে তারিখ সহ ছাত্রীর সই থাকা আবশ্যিক।

- ১) স্থানীয় পৌরপ্রতিনিধির থেকে অবিবাহিত থাকার শংসাপত্র (certificate)
- ২) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড
- ৩) ব্যাঙ্কের পাশবই
- ৪) আধার কার্ড
- ৫) ভোটার কার্ড (নিজের না থাকলে অভিভাবকের)
- ৬) স্ট্যাম্প সাইজ রঙিন ছবি

জমা করার আগে সকল নথিপত্রের জেরক্স কপি নিজের কাছে রেখে দিতে হবে। পরবর্তী সময়ে যেকোন অনুসন্ধানের জন্য এই কপি একান্ত আবশ্যিক।

পূরণ করা ফর্ম কলেজে জমা করার পর K2 প্রার্থীদের "Physical Verification " আবশ্যিক। এর জন্য এই অতিমারীর আবহে কোথাও যাওয়া নিষেধ । এই ব্যাপারে নিয়মিত কলেজের সঙ্গে যোগাযোগ রাখতে হবে । "Physical Verification" এর জন্য নিম্নলিখিত নথিপত্রগুলো নিয়ে তৈরী থাকতে হবে।:

- ১) স্থানীয় পৌরপ্রতিনিধির থেকে অবিবাহিত থাকার শংসাপত্র (Original Certificate)
- ২) "কন্যাশ্রী" Enrolment ID
(" Upgraded " এবং " Renewal " প্রার্থীদের জন্য Application Form এর জেরক্স কপি;
" Fresh " প্রার্থীদের জন্য কলেজ থেকে সংগ্রহ করা Enrolment ID)

- ৩) আধার কার্ড এর জেরক্স কপি
৪) কলেজে পড়াশুনা অব্যাহত থাকার প্রমাণ

"কন্যাশ্রী"র কাজ কিছু পদক্ষেপে সম্পন্ন হয়। এর জন্য নিয়মিত প্রার্থীদের সঙ্গে যোগাযোগ রাখা প্রয়োজন। মোবাইল নম্বরে যোগাযোগ ব্যাহত হলে নির্দিষ্ট সময়ের ভেতরে কাজ সম্পন্ন ব্যাঘাত জনক; প্রার্থীর বঞ্চিত হওয়ার সম্ভাবনা। এই কারণে গুরুত্বপূর্ণ যোগাযোগের জন্য সঠিক মোবাইল নম্বর দেওয়া বাঞ্ছনীয়।

অধ্যক্ষ,
দীনবন্ধু এন্ড্রুজ কলেজ
গড়িয়া, কোলকাতা-৮৪